# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৯৮

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো তার গোপন বিষয়ে যত্নবান হওয়া এবং নগন্য গণ্য করা হয় এমন ভাল কাজে অবজ্ঞা না করা

## ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ التَّعَاهُدِ لِسَرَائِرِهِ وَتَرْكِ الْإِغْضَاءِ عَنِ الْمُحَقَّرَاتِ

---

আরবী

398 ـ أخبرنا أحمد بن مكرم بن خالد البرتي قَالَ: حَدَّثَنَا عَلِيُّ بْنُ الْمَدِينِيِّ حَدَّثَنَا زَيْدُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنِي مُعَاوِيَةُ بْنُ صَالِحٍ قَالَ: حَدَّثَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ جُبَيْرِ بْنِ نُفَيْرِ بْنِ الْحَضْرَمِيِّ قَالَ: حَدَّثَنِي أَبِي قَالَ: سَمِعْتُ النَّوَّاسَ بْنَ سَمْعَانَ الْأَنْصَارِيَّ يَقُولُ: سَأَلْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم عن الْبِرِّ وَالْإِثْمِ فقَالَ: (الْبِرُّ حُسْنُ الخُلُقِ وَالْإِثْمُ مَا حَكَّ فِي نَفْسِكَ وكَرِهْتَ أَنْ يطَّلِعَ عليه الناس.)
الراوي : النَّوَّاس بْن سَمْعَانَ الْأَنْصَارِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني |
المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 398 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৯৮. নাওওয়াস বিন সাম‘আন রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে পাপ ও পুণ্য সম্পর্কে জিজ্ঞেস করলাম, জবাবে তিনি বলেন: “পুণ্য হলো সচ্চরিত্র আর পাপ হলো যা তোমার মনে খটকা সৃষ্টি করে এবং তুমি তা মানুষের অবগত হওয়াকে অপছন্দ করবে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/১৮২; তিরমিযী: ২৩৮৯; সুনান বাইহাকী: ১০/১৯২; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৪৯৪; সহীহ মুসলিম: ২৫৫৩; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ২৯৫, ৩০২; দারেমী: ২/৩২২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন

আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ৩/২৫৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ নাও্ওয়াস ইবনু সাম্‘আন (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88697

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন